International Labour Organization | BetterWork | Cornell University | ILR School

▶ ILO brief

# এশিয়ার গার্মেন্টস সাপ্লাই চেইনের প্রেক্ষিতে শোভন কাজ

মে ২০২১

## এশিয়ায় বস্ত্র ও পোশাক খাতে পরিবেশগত স্থায়িত্ব এবং কোভিড-১৯ পুনরুদ্ধারের জন্য ন্যায্য পরিবর্তনের সুযোগ

এশিয়ার পোশাক শিল্পের জন্য একটি ন্যায্য পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এই সেক্টরটি কোভিড-১৯-এর প্রভাব থেকে আরোগ্য লাভ করতে চায়। এই প্রতিবেদনটি টেক্সটাইল এবং গার্মেন্টস সেক্টরের উপর কোভিড-১৯ মহামারীর প্রভাব, বিশেষ করে কর্মসংস্থান এবং প্রতিষ্ঠানসমূহের উপরে প্রভাব পরীক্ষা করে, এবং এগুলিকে এই সেক্টরের বৃহত্তর উন্নয়নের উপর সামাজিক, অর্থনৈতিক এবং পরিবেশগত ইতিবাচক এবং নেতিবাচক, উভয় প্রভাবের প্রেক্ষাপটে স্থাপন করে। এর মাধ্যমে প্রতিবেদনটি এই প্রশ্নের উত্তর অনুসন্ধান করে যে, খাতটি কতটা টেকসই?

## এমন একটি সেক্টর যা এই মুহূর্তে ন্যায্য পরিবর্তন আন্দোলনের আহ্বান জানাচ্ছে

আমরা এখন কোভিড-১৯ মহামারীর দ্বিতীয় বছরে রয়েছি, এবং স্বাস্থ্যের উপর এই মহামারীটির প্রভাবগুলি হ্রাসের কোনও লক্ষণ দেখা যাচ্ছে না। বিশ্বের অনেক দেশ সংক্রমণের দ্বিতীয় এবং তৃতীয় তরঙ্গের সম্মুখীন হচ্ছে এবং এর ফলে বিভিন্ন ধরণের লকডাউন, শাটডাউন এবং বাড়িতে থাকার আদেশ জারি করা হচ্ছে। এশিয়ায় স্বাস্থ্যের উপর এই মহামারীটির প্রভাবগুলি এই দ্বিতীয় বছরে আরও তীব্র হয়ে দেখা দিচ্ছে, এবং অর্থনৈতিক ও কর্মসংস্থানের উপর এর প্রভাবগুলি গভীরতর হচ্ছে। এই প্রতিবেদনটি টেক্সটাইল এবং গার্মেন্টস সেক্টরের উপর কোভিড-১৯ মহামারীর প্রভাব, বিশেষ করে কর্মসংস্থান এবং প্রতিষ্ঠানসমূহের উপরে প্রভাব পরীক্ষা করে, এবং এগুলিকে এই সেক্টরের বৃহত্তর উন্নয়নের উপর সামাজিক, অর্থনৈতিক এবং পরিবেশগত ইতিবাচক এবং নেতিবাচক, উভয় প্রভাবের প্রেক্ষাপটে স্থাপন করে। এর মাধ্যমে প্রতিবেদনটি এই প্রশ্নের উত্তর অনুসন্ধান করে যে, খাতটি কতটা টেকসই?

গত ৩০ বছরে বস্ত্র ও পোশাক খাত লক্ষ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করেছে, বিশেষ করে মহিলাদের জন্য এবং আনুষ্ঠানিক অর্থনীতিতে। এই খাতটি বাণিজ্যের মাধ্যমে সংশ্লিষ্ট অর্থনৈতিক উন্নয়ন এবং আন্তর্জাতিকীকরণ সহ দ্রুত শিল্পায়নের সুযোগ প্রদান করেছে, আর এভাবে নিম্ন আয়ের দেশগুলিকে মধ্যম আয়ের দেশে পরিণত করতে সহায়তা করেছে এবং লক্ষ লক্ষ মানুষকে চরম দারিদ্র্য থেকে বের করে এনেছে। যাই হোক, সেক্টরের পরিবেশগত প্রভাব এবং উৎপাদনের ক্ষেত্রে রিসোর্স-নির্ভরতা প্রকট হয়ে উঠেছে- যেমন, শক্তি, ভূমি, পানি এবং রাসায়নিক দ্রব্য- এবং বর্জ্য পদার্থের ধারা- যেমন, বর্জ্য পানি, কঠিন বর্জ্য, বিষাক্ত বর্জ্য এবং বায়ু নির্গমন। সামাজিক ক্ষেত্রেও এর মিশ্র প্রভাব রয়েছে। যদিও খাতটি কর্মসংস্থানের ব্যবস্থা করেছে, সেই কর্মসংস্থানের বেশিরভাগই স্বল্প-দক্ষতা এবং কম মজুরিযুক্ত; এখানে অতিরিক্ত কর্মঘণ্টার পরিমাণ খুব বেশি, চাকরির শর্তাবলী দুর্বল, লিঙ্গ বৈষম্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা ও হয়রানি দৃশ্যমান; এবং কর্মজীবনের পথ এবং দক্ষতা বিকাশের জন্য সীমিত সুযোগ রয়েছে, যা আরও নিরাপদ এবং ভালো বেতনের কর্মসংস্থানের দিকে নিয়ে যেতে পারে। এই সেক্টরে “কর্মজীবী দরিদ্র”-এর মধ্যে বিপুল সংখ্যক লোক অন্তর্ভুক্ত রয়েছে, অর্থাৎ, এমন শ্রমিক যারা তাদের মৌলিক গৃহস্থালির ব্যয় বহনের জন্য যথেষ্ট উপার্জন করতে পারে না (অ্যানার ২০২০এ, জাতিসংঘ ২০২০)।

মহামারীর আগে এই খাতের অনিশ্চয়তা ইতিমধ্যেই আলোচনায় এসেছিল, কিন্তু কোভিড-১৯ এর সাথে যুক্ত কর্মসংস্থান এবং প্রতিষ্ঠানগত ক্ষতি বস্ত্র ও পোশাক খাতে আর্থ-সামাজিক উন্নয়ন এবং কর্মসংস্থানের পরিবর্তনের ইতিহাসকে উলটোদিকে পরিচালিত করছে। একটি শিল্প যা সারা বিশ্বে কর্মসংস্থান এবং জীবিকাকে উদ্দীপিত করেছে, তা অস্বচ্ছ বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলের কারণে ভেঙে পড়ছে, যেখানে শ্রম মানের লঙ্ঘন এবং আধুনিক দাসত্ব ব্যাপক এবং যেখানে উৎপাদন কার্যক্রম ব্যাপক দারিদ্র্য এবং উল্লেখযোগ্য জনসংখ্যার ঘনত্বের দেশগুলিতে উল্লেখযোগ্য ভূমি ও জল দূষণ ঘটায় (নিনিমাকি, পিটারস ও অন্যান্য ২০২০, কোল ও শিরগোলামি ২০২১, আইএলও ২০২১এ, আইএলও ২০২১বি, আইএলও ২০২১সি)।

কোভিড-১৯-এর এক বছরেরও বেশি সময় পরে বিশ্বব্যাপী সরবরাহ শৃঙ্খলের উত্পাদন লিঙ্কগুলিতে শ্রমিক এবং প্রতিষ্ঠানের থেকে উল্লেখযোগ্য প্রমাণ পাওয়া যায় যে, তারা মহামারী দ্বারা সৃষ্ট ক্ষতি এবং ব্যাঘাতের ভারী মূল্য বহন করে চলেছে, যা আবারও বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলে বিদ্যমান গভীর বৈষম্য এবং শক্তির অসমতাকে তুলে ধরে। এই কোভিড-১৯-এর প্রভাবগুলি বস্ত্র ও পোশাক খাতের টেকসই উন্নয়ন সম্ভাবনা এবং সেক্টরে একটি দ্রুত ন্যায়সঙ্গত পরিবর্তনের সম্ভাবনাকে প্রশ্নবিদ্ধ করছে।

জলবায়ু পরিবর্তন, বৈশ্বিক সম্পদের সীমাবদ্ধতা মোকাবেলা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যের (এসডিজি) চ্যালেঞ্জ মোকাবেলায় খাতের নেতিবাচক সামাজিক ও পরিবেশগত প্রভাব হ্রাস করার প্রয়োজনীয়তা কমেনি। আসলে, কোভিড-১৯ থেকে পুনরুদ্ধারের অংশ হিসাবে সামাজিক এবং পরিবেশগত স্থায়িত্বকে অগ্রাধিকার দেওয়া গুরুত্বপূর্ণ। এই সমস্যাগুলো মোকাবেলায় পদক্ষেপ গ্রহণের জন্য পর্যাপ্ত সময় নেই, এমনকি সেক্টরটির প্রাক-মহামারী "স্বাভাবিক" রূপে ফিরে আসার জন্য অপেক্ষা করারও সুযোগ নেই। এই প্রতিবেদনটি আলোচনা করে যে কিভাবে এবং কেন পরিবেশগত স্থায়িত্ব আমাদের "উত্তম পুনর্নির্মাণ" কৌশলগুলির একটি কেন্দ্রীয় উপাদান হওয়া উচিত এবং কেন আমাদের সেক্টর জুড়ে সামাজিক এবং পরিবেশগত স্থায়িত্বের কার্যকর পরিবর্তন ঘটানোর লক্ষ্যে সরবরাহ শৃঙ্খল পরিচালনা ব্যবস্থার জন্য আমাদের বিদ্যমান কাঠামো এবং প্রক্রিয়াগুলিকে বিকশিত করতে হবে। বিদ্যমান কাঠামো কাজ করছে না; সেক্টরে শ্রমের মানগুলির উপর ব্যক্তিগত নিয়ন্ত্রণের কার্যকারিতার সাম্প্রতিক বিশ্লেষণে দেখা যায় যে, বিগত তিন দশকে বলতে গেলে কোনো উন্নতি হয়নি (কুরুভিলা ২০২১)। এমনকি মহামারীর সময়কালে নিম্নমূল্য-পয়েন্টের প্রতিযোগিতা, যা সেক্টরটিকে পরিচালনা করেছে এবং সামাজিক ও পরিবেশগত স্থায়িত্বের মানগুলির উপর অত্যধিক চাপ সৃষ্টি করেছে, তা আরও বেড়েছে। ২০২০ সালের শেষের দিকে বাংলাদেশ, কম্বোডিয়া, ভারত, ইন্দোনেশিয়া, মায়ানমার, পাকিস্তান এবং ভিয়েতনাম সহ বেশ কিছু উৎপাদনকারী দেশের প্রস্তুতকারীদের উপরে করা জরিপে দেখা যায় যে, ২০১৯ সালে একই আইটেমগুলির জন্য প্রাপ্ত দাম ২০২০ সালে গড়ে ১২ শতাংশ হ্রাস পেয়েছে এবং মূল্য পরিশোধের সময় বৃদ্ধি করা হয়েছে (অ্যানার, ২০২০এ)।

এই মূল্য হ্রাসের অর্থ হলো প্রস্তুতকারীরা সম্ভবত কম খরচে অর্ডার গ্রহণ করছে, যার সরাসরি প্রভাব পড়ছে তারা কিভাবে শ্রমিকদের বেতন দেয় এবং পরিবেশগত বিধি ও মান মেনে চলে, তার উপর। সমগ্র এশিয়া জুড়ে উত্পাদন কার্যক্রমের সাথে জড়িত অর্থনীতিগুলির জন্য ডি-কার্বনাইজেশন এবং এই খাতে সামাজিক ও পরিবেশগত স্থায়িত্ব বৃদ্ধির দ্বারা উপস্থাপিত ঝুঁকি এবং সুযোগগুলিকে গুরুত্বের সাথে বিশ্লেষণ করা এবং এই খাতকে সামনে এগিয়ে নিতে এই অঞ্চলটি যে ভূমিকা পালন করবে তা সক্রিয়ভাবে গঠন করতে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করার গুরুত্ব বেড়েই চলেছে। একটি ন্যায্য রূপান্তরের এই প্রক্রিয়া- অর্থাৎ, এমন একটি টেকসই রূপান্তর অর্জন করা, যা এর সাথে জড়িত শ্রমিক এবং সম্প্রদায়ের জন্য "ন্যায্য" হয় এবং এই পরিবর্তনের আওতা থেকে কেউ যান বাদ না পরে তা নিশ্চিত করার ধারণাটি এই বর্তমান পরিস্থিতির সাথে খুবই প্রাসঙ্গিক। ন্যায্য পরিবর্তন প্রক্রিয়াকে ঘিরে উদীয়মান নীতিমালা এবং সামাজিক সংলাপ সেক্টরের একটি টেকসই পুনরুদ্ধার সম্ভবপর করতে ট্রানজিশন প্রক্রিয়া পুনরুদ্ধারের পদক্ষেপ এবং বিনিয়োগ গঠনের জন্য একটি দরকারী নির্দেশিকা সরবরাহ করে।

**Contact details**

**International Labour Organization**
Route des Morillons 4
CH-1211 Geneva 22
Switzerland

T: +41 22 799 7239
E: @ilo.org

© International Labour Organization 2020